প্রশ্নঃ ৩৩২. ইলেকট্রিক ব্যাট দিয়ে মশা মারা কি জায়েজ?

ইলেকট্রিক র্যাকেট দ্বারা মশা ও ক্ষতিকর প্রাণী হত্যা করায় কোন বাধা নেই। কারণ কোন প্রাণী যদি কষ্টদায়ক এবং ক্ষতিকর হয় , তাহ’লে তাকে হত্যা করা শরী ‘আতসম্মত। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, নবীগণের মধ্যে কোন এক নবী একটি গাছের নীচে অবতরণ করলে তাঁকে একটি পিঁপড়ায় কামড় দেয়। ফলে তাঁর নির্দেশে পিঁপড়ার বাসা আগুন দিয়ে জ্বালিয়ে দেয়া হয়। তখন আল্লাহ তাঁর প্রতি অহী নাযিল করে বলেন, তুমি একটি মাত্র পিঁপড়াকে শাস্তি দিলে না কেন ? (মুসলিম হা /২২৪১; মিশকাত হা/৪১২২)। অন্য বর্ণনায় এসেছে , তোমাকে একটি পিঁপড়া কামড় দিয়েছে, অথচ তুমি আল্লাহর তাসবীহ পাঠকারী একটি জাতিকে জ্বালিয়ে দিলে ! (বুখারী হা /৩০১৯; মিশকাত হা/২২৪১)। উক্ত হাদীছ দ্বারা বুঝা যায় যে , আল্লাহ তাঁর নবীকে একজনের অপরাধে পুরো দলকে শাস্তি দেওয়ার জন্য তিরষ্কার করেছেন , পুড়িয়ে মারার জন্য নয় ’ । অতএব এভাবে মশা বা অন্য যেকোন ক্ষতিকর পোকা-মাকড় মারায় কোন বাধা নেই।

والله أعلم بالصواب

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: